

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারা অধিদপ্তর  
৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১  
www.prison.gov.bd


স্মারক নং ৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.১৯-৪৭

তারিখঃ ০২ আষাঢ় '১৪২৭  
২৫ জুন' ২০২০

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে দেশের সকল কারাগারে 'বঙ্গবন্ধু বুক কর্ণার' চালুকরণ প্রসংগে।

- বরাতঃ ১। সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন শাখা-১ এর পত্র নং-৫৮.০০.০০০০.০১২.০৯.০০৭.১৯-৯২৮ তারিখঃ ২৯-১২-২০১৯  
২। কারা অধিদপ্তরের পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০২০.১৯.১৪৫১ তারিখঃ ২৪-১০-২০১৯

উপর্যুক্ত বিষয় ও বরাতে উল্লিখিত পত্রদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী তথা মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে জাতীয় ও কারা অধিদপ্তরের পরিকল্পনাসমূহের মধ্যে দেশের ৬৮টি কারাগারের কারা লাইব্রেরিতে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক গ্রন্থ সংরক্ষণের নিমিত্তে 'বঙ্গবন্ধু বুক কর্ণার' স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক দেশের প্রতিটি কারা লাইব্রেরিতে 'বঙ্গবন্ধু বুক কর্ণার' স্থাপন করে উক্ত সেবার আওতায় বঙ্গবন্ধুকে নিয়ে রচিত গ্রন্থ, ম্যাগাজিন, জার্নাল ইত্যাদি সংরক্ষণ করে কারা বন্দিদের মাঝে বঙ্গবন্ধুর জীবনদর্শন ও আদর্শ প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: আপনার অধীনস্থ কারাগারসমূহকে আগামী ২১-৬-২০২০ তারিখের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

  
২৫/৬/২০

মোহাম্মদ তৌহিদুল ইসলাম  
কারা উপ-মহাপরিদর্শক, ঢাকা বিভাগ  
সদর দপ্তর (অ:দা:)  
পক্ষে-কারা মহাপরিদর্শক  
dighq@prison.gov.bd

জ্ঞাতার্থে/ কার্যার্থে বিতরণঃ

- ১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
- ২। প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৫। প্রশাসনিক কর্মকর্তা-১/২, বাজেট অফিসার/ পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রদানের অনুরোধসহ)।
- ৮। শাখা প্রধান (সকল শাখা), কারা অধিদপ্তর, ঢাকা।
- ৯। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারামহাপরিদর্শক ও কারা উপমহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্যে।
- ১০। গার্ড ফাইল।